

সাকুলার নং- বিজিএ/এডমিন/২০২৪/১১৪

১৬ নভেম্বর ২০২৪

সম্মানিত সদস্যগণের জন্য

প্রিয় মহোদয়,

আসসালামু আলাইকুম।

আপনারা নিশ্চয়ই অবহিত আছেন যে, তৈরী পোশাক শিল্প কারখানার চলমান শ্রমিক অসন্তোষে শিল্পাঞ্চলে আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ এবং উৎপাদনমুখী কর্ম পরিবেশ নিশ্চিতকল্পে বাংলাদেশ সেনাবাহিনীর ৯ পদাতিক ডিভিশনের তত্ত্বাবধানে ‘ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি টাস্ক ফোর্স’ নিরলসভাবে কাজ করে যাচ্ছে। ইদানিং পরিলক্ষিত হচ্ছে যে, কিছু অসাধু ব্যক্তি এই ডিভিশনের জেনারেল অফিসার কমান্ডিং (GOC) সহ বিভিন্ন অফিসারের নাম ব্যবহার করে বুট ব্যবসার স্বত্ব প্রদান এবং অন্যান্য প্রতারণামূলক কর্মকাণ্ডের আশ্রয় নিচ্ছেন যা সেনাবাহিনীর ভাবমূর্তি ক্ষুণ্ণ করছে উল্লেখপূর্বক সদর দপ্তর ৯ পদাতিক ডিভিশন, সাভার সেনানিবাস কর্তৃক বিজিএমইএ বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

২। প্রেরিত পত্রের কপি আপনার সদয় অবগতি ও এতদবিষয়ে যথাযথ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ০১ (এক) পৃষ্ঠা।

ধন্যবাদান্তে,


মোঃ ফয়জুর রহমান
মহা-সচিব

২৩.০১.৯০৯.০৮৫.০১.১১৪.০১.১৪.১১.২৪

১৪ নভেম্বর ২০২৪

শিল্পাঞ্চলে সেনাবাহিনীর নাম ব্যবহার করে প্রতারণা প্রসংগে


১। শিল্পাঞ্চলে আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ এবং উৎপাদনমুখী কর্ম পরিবেশ নিশ্চিতকল্পে বাংলাদেশ সেনাবাহিনীর ৯ পদাতিক ডিভিশনের তত্ত্বাবধানে 'ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি টাস্ক ফোর্স' কাজ করে যাচ্ছে। ইদানিং পরিলক্ষিত হচ্ছে যে, কিছু অসাধু ব্যক্তি এই ডিভিশনের জেনারেল অফিসার কমান্ডিং সহ বিভিন্ন অফিসারের নাম ব্যবহার করে বুট ব্যবসার স্বত্ত্ব প্রদান এবং অন্যান্য প্রতারণামূলক কর্মকাণ্ডের আশ্রয় নিচ্ছেন যা সেনাবাহিনীর ভাবমূর্তি ক্ষুণ্ণ করছে।

২। এখানে উল্লেখ্য, ৯ পদাতিক ডিভিশনের কোন সদস্য আপনাদের অধীনস্থ কোন ফ্যাক্টরীর বুট ব্যবসা বা অন্যান্য ব্যবসা প্রাপ্তির জন্য কখনো কোন সুপারিশ করে নাই। সুতরাং সেনাবাহিনীর রেফারেন্সে কোন ব্যক্তি/ব্যক্তিবর্গ কোন ব্যবসা বা অনৈতিক সুযোগ সুবিধা পাওয়ার চেষ্টা করলে তাদের চিহ্নিত করে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। এছাড়াও, সেনাবাহিনীর রেফারেন্সে ব্যবসা সুবিধা পেতে বা অন্য কোন অবৈধ সুবিধা পেতে কেউ আপনাদের সাথে যোগাযোগ করলে তার বিষয়ে নিম্নলিখিত নম্বরে অভিযোগ দায়ের করা যেতে পারে:

ক্রমিক	নিয়োগ	মোবাইল নম্বর	মন্তব্য
১।	ডিভিশন কন্ট্রোল সেল	০১৭৬৯-০৯২০০৪	
২।	ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি টাস্ক ফোর্স	০১৭৬৯-০৯৫২০৯	

৩। বিষয়টি আপনাদের অধীনস্থ সকল শিল্প কারখানা ও প্রতিষ্ঠানসমূহে অবহিত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

৪। আপনাদের অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো।



মোঃ নাজমুল হাসান
মেজর
জিওসি এর পক্ষে

বিতরণঃ

বহির্গমনঃ

কার্যক্রমঃ

বিজিএমইএ

অবগতিঃ

সেনাসদর, জিএস শাখা (এমও পরিদপ্তর)

সেনাসদর, জিএস শাখা (এমআই পরিদপ্তর)

সদর দপ্তর ৯ আর্টিলারি ব্রিগেড

সদর দপ্তর ৭১ মেকানাইজড ব্রিগেড

সদর দপ্তর ৮১ পদাতিক ব্রিগেড (ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি সেল)

সদর দপ্তর ৯৯ কম্পোজিট ব্রিগেড